অধ্যায় ০৪

রাসায়নিক পরিবর্তন

➢ ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	ভর্তি পরীক্ষায় যে বছর প্রশ্ন এসেছে	
		MCQ	Written
✪	Q. Type-01	-	BUET'18-19, RUET'17-18
✪✪	Q. Type-02	KUET' 18-19, 15-16, 17-18, 11-12	BUET'17-18, 14-15, 03-04; KUET' 19-20, 03-04, BUTEX' 20-21
✪✪	Q. Type-03	BUET' 12-13, 11-12; RUET' 12-13; IUT' 18-19, 17-18	BUET' 20-21, 14-15
✪✪✪	Q. Type-04	BUET' 13-14, 11-12; CKRUET' 21-22, 20-21; KUET' 18-19, 16-17, 15-16, 14-15, 11-12, 10-11; RUET' 13-14; CUET' 15-16, 13-14, 11-12, 10-11; BUTEX' 16-17, 13-14; IUT' 20-21, 19-20, 18-19, 16-17, 14-15, 11-12, 10-11	BUET'20-21, 19-20, 18-19, 14-15, 08-09, 07-08, 06-07; KUET' 19-20, 04-05; RUET' 19-20, 12-13, 11-12, 10-11, 09-10, 08-09, 07-08, 06-07, 05-06, 03-04; CUET' 13-14, 08-09, 04-05, 03-04; BUTEX' 21-22, 20-21, 19-20, 18-19, 10-11, 07-08
✪✪	Q. Type-05	RUET' 14-15; CUET' 10-11; BUTEX' 16-17, 15-16, 12-13; IUT' 16-17	BUET' 04-05, 03-04, 01-02; BUTEX' 07-08
✪✪	Q. Type-06	BUET' 10-11; CKRUET' 21-22; BUTEX' 15-16, 13-14	KUET' 19-20
✪✪	Q. Type-07	KUET' 07-08; BUTEX' 12-13; IUT' 20-21	BUTEX' 20-21, 18-19
✪✪✪	Q. Type-08	BUET' 13-14, 10-11; CKRUET' 21-22, 20-21; KUET' 18-19, 17-18, 15-16, 14-15, 11-12, 10-11; RUET' 13-14, 12-13, 11-12, 10-11; CUET' 15-16, 10-11; BUTEX' 16-17, 15-16, 14-15, 13-14, 11-12; IUT' 19-20, 18-19, 14-15, 11-12, 10-11, 08-09; SUST' 17-18	BUET' 19-20, 16-17, 13-14, 08-09, 07-08, 06-07, 03-04, 02-03; KUET' 05-06; RUET' 19-20, 18-19, 10-11, 05-06, 03-04; BUTEX' 18-19, 10-11, 08-09, 07-08, 06-07, 01-02
✪✪✪	Q. Type-09	BUET' 11-12; KUET' 14-15, 13-14, 11-12; RUET' 14-15, 12-13; CUET' 15-16, 11-12; IUT' 19-20, 16-17	BUET' 19-20, 17-18, 12-13, 01-02; KUET' 03-04; RUET' 18-19, 15-16, 08-09, 07-08, 06-07, 04-05; CUET' 13-14, 09-10, 08-09, 07-08, 05-06, 03-04; BUTEX' 21-22, 19-20, 11-12, 08-09

Question Type-01: রাসায়নিক বিক্রিয়া ও গ্রিন কেমিস্ট্রি

➲ **Concept:**

➢ এটম ইকোনমি % $A/E = \frac{\text{কাঙ্ক্ষিত উৎপাদের মোট মোল} \times \text{সংকেত ভর বা মোলার ভর} \times 100\%}{\text{সব উৎপাদের মোল সংখ্যাসহ সংকেত ভরের সমষ্টি}}$

➢ E Factor $= \frac{\text{মোট বর্জ্য}}{\text{মোট উৎপাদ}}$

➢ এটম ইকোনমি যত বেশি /E Factor যত কম, রাসায়নিক বিক্রিয়াটি তত পরিবেশ বান্ধব।

Written

01. টাইটানিয়াম দুটি ভিন্ন ভিন্ন পদ্ধতি দ্বারা আকরিক থেকে নিষ্কাশন করা যায়। **[BUET'18-19]**

(i) অধিকতর সক্রিয় ধাতুর ব্যবহার: $TiO_2 + 2Mg \rightarrow Ti + 2MgO$

(ii) আকরিকের তড়িৎ বিশ্লেষণ: $TiO_2 \rightarrow Ti + O_2$

কাঙ্ক্ষিত উৎপাদে বিক্রিয়ক পরমাণুর সর্বাধিক উপস্থিতির ধারণা ব্যবহার করে উপরের কোন পদ্ধতিটি গ্রিনার নির্ণয় কর।

[Ti = 47.88 and Mg = 24.3]

সমাধান: (i) Atom economy $= \frac{47.88}{47.88 + 2 \times (24.3+16)} \times 100\% = 37.2665\%$

(ii) Atom economy $= \frac{47.88}{47.88+32} \times 100\% = 59.93\%$ ∴ (ii) নং পদ্ধতি অধিকতর গ্রিনার।

02. Green Chemistry এর মূল লক্ষ্য কী? এর পাঁচটি নীতিমালা উল্লেখ কর। **[RUET'17-18]**

সমাধান: Green Chemistry এর মূল লক্ষ্য হলো- উৎপন্ন ক্ষতিকর বর্জ্য পদার্থ যথাসম্ভব হ্রাস করে নতুন ও উন্নততর পরিবেশ বান্ধব পদ্ধতি উদ্ভাবন করা।

নীতিমালা:

১. শিল্প বিক্রিয়ায় বর্জ্য উৎপাদ রোধ হয় এমন পদ্ধতি ব্যবহার।

২. নন-টক্সিক বিকারক ও নন-টক্সিক বর্জ্য সংশ্লিষ্ট সংশ্লেষণ পদ্ধতি ব্যবহার।

৩. বিক্রিয়ায় ব্যবহৃত দ্রাবক ও সহায়ক পদার্থ নিরাপদ ও ন্যূনতম হবে।

৪. সংশ্লেষণ পদ্ধতিতে ন্যূনতম ধাপ ও উপজাতক থাকবে।

৫. নতুন অধিক কার্যকর প্রভাবক উদ্ভাবনসহ শিল্প প্রক্রিয়ার উন্নয়ন করে উৎপাদ বৃদ্ধি করতে হবে।

Question Type-02: বিক্রিয়ার হার ও হার ধ্রুবক সংক্রান্ত

➲ **Concept:**

বিক্রিয়ার হার $= \frac{\text{বিক্রিয়ক বা উৎপাদের ঘনমাত্রার পরিবর্তন}}{\text{ঐ পরিবর্তন সংঘটনে ব্যয়িত সময়}}$

∴ $\boxed{\text{বিক্রিয়ার হার} = -\frac{dC}{dt} = \frac{dx}{dt}}$ [C হল t সময় পর বিক্রিয়কের ঘনমাত্রা এবং x হল t সময়ে উৎপন্ন উৎপাদের ঘনমাত্রা]

সময়ের সাথে বিক্রিয়কের ঘনমাত্রা হ্রাস পায়। তাই $\frac{dC}{dt}$ এর আগে (−) হয়েছে।

সময়ের সাথে উৎপাদের ঘনমাত্রা বৃদ্ধি পায়। তাই $\frac{dx}{dt}$ এর আগে (+) হয়েছে।

ধরি, একটি রাসায়নিক বিক্রিয়া: $xX + yY \rightarrow mM + nN$

$\boxed{\text{এই বিক্রিয়ার বিক্রিয়া হার} = -\frac{1}{x}.\frac{\Delta[X]}{\Delta t} = -\frac{1}{y}.\frac{\Delta[Y]}{\Delta t} = \frac{1}{m}.\frac{\Delta[M]}{\Delta t} = \frac{1}{n}.\frac{\Delta[N]}{\Delta t}}$

Δt সময়ের ব্যবধানে- X এর ঘনমাত্রার পরিবর্তন $= \Delta[X]$; Y এর ঘনমাত্রার পরিবর্তন $= \Delta[Y]$

M এর ঘনমাত্রার পরিবর্তন $= \Delta[M]$; N এর ঘনমাত্রার পরিবর্তন $= \Delta[N]$

➢ বিক্রিয়ার হার ধ্রুবক:

কোন বিক্রিয়ার প্রতিটি বিক্রিয়কের ঘনমাত্রা একক হলে তখন বিক্রিয়ার হারকে বিক্রিয়ার হার ধ্রুবক (k) বলে।

MCQ

01. $2A + B \rightarrow C$ বিক্রিয়ায় C গঠনের হার $2.2 \times 10^{-3}\ molL^{-1}\ min^{-1}$ হলে $-\frac{d[A]}{dt}$ এর মান কত? **[KUET'18-19]**

(a) 2.2×10^{-3} (b) 1.0×10^{-3} (c) 1.1×10^{-3} (d) 2.4×10^{-4} (e) 4.4×10^{-3}

সমাধান: (e); $\frac{d[c]}{dt} = -\frac{d[A]}{2dt} = 2.2 \times 10^{-3} \Rightarrow \frac{d[A]}{dt} = 2.2 \times 10^{-3} \times 2 = 4.4 \times 10^{-3}$

02. $\frac{1}{2}A = 2B$ বিক্রিয়াটির জন্য "A" এর নিঃশেষিত হয়ে যাওয়ার হারের সাথে "B" বেড়ে যাওয়ার হারের সম্পর্কিত প্রকাশ হলো- **[Ans: c] [KUET'17-18]**

(a) $-\frac{d[A]}{dt} = 4\frac{d[B]}{dt}$ (b) $-\frac{d[A]}{dt} = \frac{1}{2}\frac{d[B]}{dt}$ (c) $-\frac{d[A]}{dt} = \frac{1}{4}\frac{d[B]}{dt}$ (d) $-\frac{d[A]}{dt} = \frac{d[B]}{dt}$ (e) $-\frac{d[A]}{dt} = 2\frac{d[B]}{dt}$

03. A এবং B দু'টি বিক্রিয়কের প্রত্যেকটির প্রারম্ভিক ঘনমাত্রা $0.20\ moldm^{-3}$। বিক্রিয়াটির প্রারম্ভিক গতির হার $1.6 \times 10^{-4} moldm^{-3}s^{-1}$ বিক্রিয়াটির গতির হার ধ্রুবক নির্ণয় কর। **[KUET'15-16]**

(a) $4.0 \times 10^{-3}dm^3mol^{-1}s^{-1}$ (b) $8.0 \times 10^{-6}dm^3mol^{-1}s^{-1}$
(c) $4.0 \times 10^{-3}dm^6mol^{-2}s^{-1}$ (d) $8.0 \times 10^{-6}dm^6mol^{-2}s^{-1}$
(e) $1.6 \times 10^{-4}dm^3mol^{-1}s^{-1}$

সমাধান: (a); আমরা জানি, $\frac{dx}{dt} = k[A][B]$; $k = \frac{1.6\times10^{-4}}{0.2\times0.2} dm^3mol^{-1}s^{-1} = 4.0 \times 10^{-3}dm^3mol^{-1}s^{-1}$

04. $A \rightarrow x$ বিক্রিয়াটির বিক্রিয়ার হার হলো- **[Ans: b] [RUET'11-12]**

(a) $\frac{dA}{dt}$ and $\frac{dx}{dt}$ (b) $\frac{dx}{dt}$ and $\frac{-dA}{dt}$ (c) $\frac{dA}{dt}$ and $\frac{-dx}{dt}$ (d) $\frac{dt}{dx}$ and $\frac{-dA}{dt}$ (e) None

Written

05. অধিক তাপে N_2O_5 বিয়োজিত হয়ে NO_2 এবং O_2 গ্যাস উৎপন্ন করে। এখানে 6 sec পর NO_2 এর ঘনমাত্রা $3.0 \times 10^{-3} mol\ L^{-1}$ বৃদ্ধি পায় তাহলে বিক্রিয়ার হার কত হবে? **[BUTEX'20-21]**

সমাধান: $2N_2O_5 \rightarrow 4NO_2 + O_2$; প্রশ্নমতে, $\frac{d[NO_2]}{dt} = \frac{3\times10^{-3}}{6} = 5 \times 10^{-4} Ms^{-1}$

$\therefore$ বিক্রিয়ার হার $= \frac{1}{4}\frac{d[NO_2]}{dt} = \frac{1}{4} \times \frac{3\times10^{-3}}{6} = 1.25 \times 10^{-4}\ Ms^{-1}$

06. 327^oC তাপমাত্রায় HI এর বিয়োজন হার $-\frac{dC_{HI}}{dt} = kC_{HI}^2$; যেখানে $k = 4 \times 10^{-6}\ litre.mole^{-1}.sec^{-1}$ । বায়ুমন্ডলীয় চাপে প্রতি সেকেন্ডে এবং প্রতি cm^3 আয়তনে কতগুলো অণু বিয়োজিত হবে? **[KUET'19-20]**

সমাধান: $2HI(g) \rightarrow H_2(g) + I_2(g)$

$P = 1\ atm, T = 327 + 273 = 600K$

$PV = nRT \Rightarrow \frac{n}{V} = \frac{P}{RT} \Rightarrow C_{HI} = \frac{1}{0.0821\times600} = 0.0203M$

$\therefore$ HI এর বিয়োজন হার, $-\frac{dC_{HI}}{dt} = kC_{HI}^2 = 4 \times 10^{-6} \times (0.0203)^2 = 1.648 \times 10^{-9} mole\ L^{-1}\ s^{-1}$

$= \frac{1.648\times10^{-9}mole}{1L\times1s} = \frac{1.648\times10^{-9}\times6.02\times10^{23}}{1000cm^3\times1s} = 9.924 \times 10^{11} molecule\ (cm^3)^{-1}s^{-1}$

$\therefore$ প্রতি সেকেন্ডে ও প্রতি cm^3 আয়তনে 9.924×10^{11} টি অণু বিয়োজিত হবে।

07. অ্যামোনিয়া অক্সিজেনের সাথে নিম্নের সমীকরণ অনুযায়ী বিক্রিয়া করে। **[BUET'17-18]**

$4NH_3(g) + 5O_2(g) = 4NO(g) + 6H_2O(g)$

কোনো মুহূর্তে অ্যামোনিয়া $0.24\ molL^{-1}s^{-1}$ হারে বিক্রিয়া করলে বিক্রিয়াটির হার সমীকরণটি লিখ এবং $H_2O(g)$ উৎপাদনের হার নির্ণয় কর।

সমাধান: বিক্রিয়াটিঃ $4NH_3(g) + 5O_2(g) = 4NO(g) + 6H_2O(g)$

বিক্রিয়ার হার সমীকরণঃ বিক্রিয়ার হার $= \frac{-1}{4}\frac{\Delta[NH_3]}{\Delta t} = \frac{-1}{5}\frac{\Delta[O_2]}{\Delta t} = \frac{1}{4}\frac{\Delta[NO]}{\Delta t} = \frac{1}{6}\frac{\Delta[H_2O]}{\Delta t}$

দেওয়া আছে $\frac{-\Delta[NH_3]}{\Delta t} = 0.24$, $\frac{\Delta[H_2O]}{\Delta t} = ?$

সমীকরণ থেকে পাই, $\frac{-1}{4}\frac{\Delta[NH_3]}{\Delta t} = \frac{1}{6} \cdot \frac{\Delta[H_2O]}{\Delta t} \Rightarrow \frac{\Delta[H_2O]}{\Delta t} = \frac{6}{4}\left(\frac{-\Delta[NH_3]}{\Delta t}\right) = \frac{6}{4} \times 0.24 = 0.36\ molL^{-1}s^{-1}$ **(Ans.)**

08. $H_2 + Br_2 = 2HBr$ বিক্রিয়াটি একটি 0.250 L পাত্রে সম্পন্ন করা হল। 0.01 s এ Br_2 এর পরিমাণের পরিবর্তন -0.001 mol হলে বিক্রিয়াটির হার নির্ণয় কর। **[BUET'14-15]**

সমাধান: $r = -\frac{dC}{dt} = -\frac{\Delta c}{\Delta t} = -\frac{-0.001}{.250\times.01} Ms^{-1} = 0.4\, Ms^{-1}$ **(Ans.)**

09. প্রারম্ভিক অবস্থায় একটি বিক্রিয়ার হার 2.2×10^{-5} mol dm^{-3} s^{-1}বিক্রিয়াটির হার ধ্রুবক 1.1×10^{-4} s^{-1} প্রারম্ভিক অবস্থায় বিক্রিয়াটিতে বিক্রিয়কের ঘনমাত্রা কত? **[BUET'03-04]**

সমাধান: আমরা জানি, $\frac{dx}{dt} = KC$ [এখানে, $\frac{dx}{dt} = 2.2 \times 10^{-5}$ mol dm^{-3} s^{-1} এবং $K = 1.1 \times 10^{-4}$ s^{-1}]

$\therefore C = \frac{2.2\times10^{-5}}{1.1\times10^{-4}} = 0.2$ mol dm^{-3} **(Ans.)**

10. পটাসিয়াম আয়োডাইডের দ্রবণে $CuSO_4$ এর দ্রবণ যোগ করা হলে 15.0 sec এ 1.5×10^{-4} mol/dm^3 আয়োডিন বিমুক্ত হয়। আয়োডিন উৎপাদনের এ বিক্রিয়াটির হার নির্ণয় কর। **[KUET'03-04]**

সমাধান: $2CuSO_4 + 4KI \rightarrow Cu_2I_2 + 2K_2SO_4 + I_2$

বিক্রিয়ার হার $= \frac{1.5\times10^{-4}}{15} moldm^{-3}s^{-1} = 1 \times 10^{-5} moldm^{-3}s^{-1}$ **(Ans.)**

Question Type-03: রাসায়নিক সাম্যাবস্থা, লা শাতেলিয়ারের নীতি ও ভ্যান্ট হফের সমীকরণ

➲ **Concept:**





লা-শাতেলিয়ারের নীতি:

"কোনো উভমুখী বিক্রিয়া সাম্যাবস্থায় থাকাকালে যদি ঐ অবস্থার একটি নিয়ামক, যেমন- তাপমাত্রা, চাপ বা ঘনমাত্রা পরিবর্তন করা হয়, তবে সাম্যের অবস্থান ডানে বা বামে এমনভাবে পরিবর্তিত হবে, যাতে নিয়ামক পরিবর্তনের ফলাফল প্রশমিত হয়।"

◆ **সাম্যাবস্থার উপর বিভিন্ন নিয়ামকের প্রভাব:**

সাম্যাবস্থার উপর ঘনত্ব, চাপ ও ঘনমাত্রার প্রভাবগুলো সংক্ষিপ্তভাবে নিচের সারণিতে দেওয়া হলো-

কী ঘটে, যখন	সাম্যের সরণ যেদিকে ঘটে
(i) এক বা একাধিক বিক্রিয়ক পদার্থের ঘনমাত্রা বাড়ানো হলো	সম্মুখ বিক্রিয়া
(ii) এক বা একাধিক বিক্রিয়াজাত পদার্থের ঘনমাত্রা বাড়ালে	পশ্চাৎমুখী বিক্রিয়া
(iii) তাপমাত্রা হ্রাস করলে	তাপোৎপাদী বিক্রিয়ার দিকে
(iv) তাপমাত্রা বৃদ্ধি করলে	তাপহারী বিক্রিয়ার দিকে
(v) চাপ বাড়ালে	কম সংখ্যক গ্যাসীয় অণুর দিকে
(vi) চাপ কমালে	বেশি সংখ্যক গ্যাসীয় অণুর দিকে

- ভ্যান্ট হফের সমীকরণ:
  - $\ln K_p = -\frac{\Delta H}{RT} + \text{ধ্রুবক}$ অথবা, $\log K_p = -\frac{-\Delta H}{2.303\,RT} + \text{ধ্রুবক}$
  - এখানে, K_p = আংশিক চাপে সাম্য ধ্রুবক
    ΔH = বিক্রিয়া তাপ
    R = সর্বজনীন গ্যাস ধ্রুবক = $8.314\ Jmol^{-1}k^{-1}$
    T = পরম তাপমাত্রা
  - $\ln K_p$ বনাম T^{-1} লেখচিত্রের ঢাল = $\frac{-\Delta H}{R}$ এবং $\log K_p$ বনাম T^{-1} লেখচিত্রের ঢাল = $\frac{-\Delta H}{2.303R}$
  - তাপ উৎপাদী বিক্রিয়ার জন্য, ΔH = (−)ve এবং ঢাল ধনাত্মক





  - তাপহারী বিক্রিয়ার জন্য, ΔH = (+)ve এবং ঢাল ঋণাত্মক





MCQ

01. In the synthesis of ammonia using Haber-Bosch process, an increase in pressure should- **[IUT'18-19]**
(a) Increase the production of ammonia (b) Decrease the production of ammonia
(c) Have no effect on the production of ammonia (d) None of the above
Solution: (a); $N_2 + 3H_2 = 2NH_3; \Delta n = 2 - 4 = -2$
So, increase in pressure will increase the production of ammonia.

02. An exothermic reaction is at equilibrium. If temperature is increased, which of the following will take place?
(a) The value of 'K' will increase. (b) The value of 'K' will decrease. **[Ans: b] [IUT'17-18]**
(c) The value of 'K' will not change. (d) None of them.

03. কোনটি রাসায়নিক সাম্যাবস্থার নিয়ামক নয়? **[BUET'12-13]**
(a) প্রভাবক (b) তাপমাত্রা (c) ঘনমাত্রা (d) চাপ
সমাধান: (a); প্রভাবক। কারণ সাম্যাবস্থার উপর প্রভাবকের ভূমিকা নেই।

04. একটি উদ্বায়ী তরলকে আবদ্ধ পাত্রে রাখা হলে যে তাপমাত্রায় বাষ্প এবং তরলের মধ্যে সাম্যাবস্থা অর্জিত হয় তা হল- **[RUET'12-13]**
(a) কক্ষ তাপমাত্রা (b) স্ফুটনাংক তাপমাত্রা (c) হিমাংক তাপমাত্রা (d) যে কোন তাপমাত্রা
সমাধান: (d); বাষ্পায়নের সংজ্ঞা

05. নিচের কোনটি আয়নিক এবং সমসত্ত্ব সাম্যাবস্থার উদাহরণ? **[BUET'11-12]**
(a) $NH_4Cl(s) \rightleftharpoons NH_3(g) + HCl(g)$
(b) $NH_4Cl(aq) \rightleftharpoons NH_4^+(aq) + Cl^-(aq)$
(c) $C_{12}H_{22}O_{11}(s) \rightleftharpoons C_{12}H_{22}O_{11}(aq)$
(d) $CaCO_3(s) \rightleftharpoons Ca^{2+}(g) + CO_3^{2-}(g)$
সমাধান: (b); $NH_4Cl(aq) \rightleftharpoons NH_4^+(aq) + Cl^-(aq)$

Written

06. নিম্নোক্ত রাসায়নিক বিক্রিয়াসমূহে সাম্যাবস্থার চাপ হ্রাস করে গ্যাসীয় আয়তন বৃদ্ধি করলে বিক্রিয়ার মিশ্রণে উৎপাদের মোল সংখ্যার কী পরিবর্তন হবে ব্যাখ্যা কর। **[BUET'20-21]**

(i) $CaO(s) + CO_2(g) \leftrightharpoons CaCO_3(s)$ (ii) $3\,Fe\,(s) + 4H_2O(g) \leftrightharpoons Fe_3O_4(s) + 4H_2(g)$

সমাধান: (i) উৎপাদ কমবে, $\Delta n = -1$ (ii) অপরিবর্তিত থাকবে, $\Delta n = 0$

07. (a) কোনো বিক্রিয়ায় প্রভাবক (অনুঘটক) যোগ করলে কি ঘটে? **[BUET'14-15]**

(b) নিম্নলিখিতগুলি কী ধরনের বিক্রিয়া? পারিপার্শ্বিক অবস্থার উপর বিক্রিয়াগুলির প্রতিক্রিয়া কী?

(i) $C\,(graphite) + O_2\,(g) \rightarrow CO_2\,(g);\ \Delta H = -395\ kJ$

(ii) $H_2\,(g) + I_2\,(s) \rightarrow 2HI\,(g);\ \Delta H = +52\ kJ$

সমাধান: (a) বিক্রিয়ার সক্রিয়ণ শক্তি হ্রাস বা বৃদ্ধি পায় ফলে বিক্রিয়ার হার যথাক্রমে হ্রাস/বৃদ্ধি পায়।

সমাধান: (b) (i) দহন বিক্রিয়া (ii) সংযোজন বিক্রিয়া

বৈশিষ্ট্য: (i) চাপের প্রভাব নেই (ii) তাপমাত্রা বাড়ালে বিক্রিয়ার পশ্চাৎ বেগ বৃদ্ধি পাবে, সাম্যাবস্থা বাম দিকে সরে যাবে (যেহেতু তপোৎপাদী বিক্রিয়া)।

(ii) $\underset{(g)}{H_2} + \underset{(g)}{I_2} \rightleftharpoons 2HI(g);\ \Delta H = +52kJ$; এটি সংযোজন বিক্রিয়া।

বৈশিষ্ট্য: (i) তাপহারী বিক্রিয়া (ii) চাপের প্রভাব নেই (iii) তাপমাত্রা বাড়ালে সাম্যাবস্থা ডান দিকে সরে যাবে।

Question Type-04: সাম্যধ্রুবক K_P ও K_C সংক্রান্ত সমস্যা

➲ **Concept:**

বিক্রিয়াটি হচ্ছে- $aA(g) + bB(g) \rightleftharpoons cC(g) + dD(g)$ ..... (i)

∴ মোলার সাম্যধ্রুবক, $K_C = \frac{[C]^c[D]^d}{[A]^a[B]^b} \Rightarrow K_C = \frac{\text{সাম্যাবস্থায় উৎপাদসমূহের মোলার ঘনমাত্রার উপযুক্ত ঘাতসহ গুণফল}}{\text{সাম্যাবস্থায় বিক্রিয়কসমূহের মোলার ঘনমাত্রার উপযুক্ত ঘাতসহ গুণফল}}$

আংশিক চাপে সাম্যধ্রুবক, $K_P = \frac{P_C^c.P_D^d}{P_A^a.P_B^b} \Rightarrow K_P = \frac{\text{সাম্যাবস্থায় উৎপাদসমূহের আংশিক চাপের উপযুক্ত ঘাতসহ গুণফল}}{\text{সাম্যাবস্থার বিক্রিয়কসমূহের আংশিক চাপের উপযুক্ত ঘাতসহ গুণফল}}$

বিক্রিয়া	K_p	একক
$PCl_5\,(g) \overset{\Delta}{\rightleftharpoons} PCl_3\,(g) + Cl_2\,(g)$	$K_p = \frac{\alpha^2 \times P}{(1-\alpha^2)}$	atm
$N_2O_4\,(g) \overset{\Delta}{\rightleftharpoons} 2NO_2\,(g)$	$K_p = \frac{4\alpha^2 \times P}{(1-\alpha^2)}$	atm
$H_2\,(g) + I_2\,(g) \overset{\Delta}{\rightleftharpoons} 2HI\,(g)$	$K_p = \frac{4\alpha^2}{(1-\alpha)^2}$	একক নেই
$N_2\,(g) + 3H_2\,(g) \overset{\Delta}{\rightleftharpoons} 2NH_3\,(g)$	$K_p = \frac{16\alpha^2(2-\alpha)^2}{27P^2(1-\alpha)^4}$	atm^{-2}

নোট: উপযুক্ত বিক্রিয়া গুলোতে বিক্রিয়কের সহগ যত, তত আদি মোল ধরে K_p এর সমীকরণ নির্ণয় করা হয়েছে।

- **K_Pও K_C এর মধ্যে সম্পর্কঃ**

$K_P = K_C(RT)^{\Delta n}$

এখানে, Δn = গ্যাসীয় উৎপাদের মোট মোলসংখ্যা – গ্যাসীয় বিক্রিয়কের মোট মোলসংখ্যা। (সাবধান, শুধু "গ্যাসীয়")

$Q_C = \frac{\text{যে কোনো সময় উৎপাদসমূহের মোলার ঘনমাত্রার উপযুক্ত ঘাতসহ গুণফল}}{\text{যে কোনো সময় বিক্রিয়কসমূহের মোলার ঘনমাত্রার উপযুক্ত ঘাতসহ গুণফল}}$; $Q_C = \frac{[C]^c \times [D]^d}{[A]^a \times [B]^b}$

$Q_P = \frac{\text{যে কোন সময় উৎপাদসমূহের আংশিক চাপের উপযুক্ত ঘাতসহ গুণফল}}{\text{যে কোন সময় বিক্রিয়কসমূহের আংশিক চাপের উপযুক্ত ঘাতসহ গুণফল}}$; $Q_P = \frac{P_C^c \times P_D^d}{P_A^a \times P_B^b}$

(i) $Q_c < K_c$ বা $Q_p < K_p$ হলে বিক্রিয়া ঐ অবস্থা হতে সামনের দিকে অগ্রসর হবে।

(ii) $Q_c > K_c$ বা $Q_p > K_p$ হলে বিক্রিয়া ঐ অবস্থা হতে পিছনের দিকে অগ্রসর হবে।

(iii) $Q_c = K_c$ বা $Q_p = K_p$ হলে বিক্রিয়াটি সাম্যাবস্থায় আছে, কোনো দিকেই যাবে না। সম্মুখ ও পশ্চাৎ দিকে সমান হারে চলতে থাকবে।

MCQ

01. একটি উভমুখী রাসায়নিক বিক্রিয়ার $\Delta n = \frac{1}{2}$। কত কেলভিন তাপমাত্রায় K_p ও K_c এর মান যথাক্রমে 40.5 এবং 5.5 হবে?

$R = 0.082\ L.atm.mol^{-1}.K^{-1}$ **[CKRUET'21-22]**

(a) 273.16 (b) 546.32 (c) 661.26 (d) 760.00 (e) 432.28

সমাধান: (c); $\frac{K_p}{K_c} = (RT)^{\Delta n} \Rightarrow \frac{40.5}{5.5} = (0.082 \times T)^{\frac{1}{2}} \Rightarrow T = 661.26K$

02. একটি উভমুখী বিক্রিয়ার Δn এর মান 0.5। কত কেলভিন তাপমাত্রায় বিক্রিয়াটির K_P ও K_C এর মান যথাক্রমে 40.5 এবং 5.5 হবে? [দেওয়া আছে, $R = 0.082\ L\ atm\ K^{-1}mol^{-1}$.] **[CUET'11-12, CUET'13-14, CKRUET'20-21]**

(a) 179.6 K (b) 66.126 K (c) 330.63 K (d) 661.26 K (e) None of them

সমাধান: (d); $K_p = K_c(RT)^{\Delta n} \Rightarrow 40.5 = 5.5(RT)^{\frac{1}{2}} \Rightarrow RT = \left(\frac{40.5}{5.5}\right)^2 = 54.22 \Rightarrow T = \frac{54.22}{0.082} = 661.26\ K$

03. 727°C the equilibrium constant for the reaction $2SO_2(g) + O_2(g) = 2SO_3(g)$ is K_p 3.50 atm^{-1}. If the total pressure in the reaction flask is 1.00 atm, and the partial pressure of O_2 at equilibrium is 0.10 atm, calculate the partial pressure of SO_2. **[IUT'20-21]**

(a) 0.57 atm (b) 0.33 atm (c) 0.43 atm (d) 0.10 atm

Solution: (a); $2SO_2(g) + O_2(g) \rightleftharpoons 2SO_3(g)$

$K_p = \frac{P_{SO_3}^2}{P_{SO_2}^2 \times P_{O_2}} \Rightarrow 3.5 = \left(\frac{P_{SO_3}}{P_{SO_2}}\right)^2 \times \frac{1}{0.1} \Rightarrow \frac{P_{SO_3}}{P_{SO_2}} = 0.5916\ ; P_{SO_3} + P_{SO_2} + P_{O_2} = 1$

$\Rightarrow P_{SO_2} \times 0.5916 + P_{SO_2} + 0.1 = 1 \Rightarrow P_{SO_2}(1.5916) = 0.9 \Rightarrow P_{SO_2} = 0.56568\ atm \approx 0.57\ atm$

04. For the reaction $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$, K_p is 4.3×10^{-4}at 375°C. Calculate K_c. **[IUT'19-20]**

(a) 0.023 $mol^{-1}\ dm^3$ (b) 0.408 $mol^{-2}dm^6$ (c) 0.013 $mol^{-1}dm^3$ (d)1.217 $mol^{-2}dm^6$

Solution: (d); 1.217 $mol^{-2}dm^6$, $\Delta n = 2 - 4 = -2$

$N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$

$K_p = K_c\ (RT)^{\Delta n} \Rightarrow K_c = \frac{K_p}{(RT)^{-2}} = \frac{4.3 \times 10^{-4}}{(0.0821 \times 648)^{-2}}$ (K_p এর একক atm^{-2} ধরে নিয়ে)

$= 1.217\ mol^{-2}L^2 = 1.217\ mol^{-2}dm^6$

05. 700 K তাপমাত্রায় $N_2(g) + O_2(g) \leftrightharpoons 2NO(g)$ বিক্রিয়ার সাম্যাঙ্ক K_c এর মান 0.0625. 700 K তাপমাত্রায় $NO(g) \leftrightharpoons \frac{1}{2}N_2(g) + \frac{1}{2}O_2(g)$ বিক্রিয়ার K_c এর মান কত হবে? **[KUET'18-19]**

(a) 0.03125 (b) 0.25 (c) 3.9×10^{-3} (d) 0.375 (e) 4

সমাধান: (e); $K_{C_2} = \frac{1}{\sqrt{K_{C_1}}} = 4$

06. At a temperature of 30°C and 1.5 atmospheric pressure, di-nitrogen tetraoxide (N_2O_4) was dissociated to 20% nitrogen dioxide. The value of K_p for the process is- **[IUT'18-19]**

(a) 0.20 atm (b) 0.25 atm (c) 0.30 atm (d) 0.32 atm

Solution: (b); $\underset{1-\alpha}{N_2O_4} \rightarrow \underset{2\alpha}{2NO_2}$ $\therefore K_p = \frac{4\alpha^2}{(1-\alpha)^2} \times p$

$P = 1.5\ ;\ \alpha = 0.2 \Rightarrow K_p = 0.25$ atm

07. দু'টি সাম্যবিক্রিয়া $AB \rightleftharpoons A^+ + B^-$ এবং $AB + B^- \rightleftharpoons AB_2^-$ একই সাথে দ্রবণে সাম্যাবস্থা তৈরি করে যেখানে বিক্রিয়া দু'টির সাম্যাবস্থা ধ্রুবক যথাক্রমে K_1 এবং K_2। দ্রবণে $[A^+]$ ও $[AB_2^-]$ অনুপাত হবে- **[KUET'16-17]**

(a) $[B^-]$ এর সমানুপাতিক (b) $[B^-]$ এর ব্যাস্তানুপাতিক

(c) $[B^-]$ এর বর্গের সমানুপাতিক (d) $[B^-]$ এর বর্গের ব্যাস্তানুপাতিক

(e) $[B^-]$ এর উপর নির্ভরশীল নয়

সমাধান: (d); $K_1 = \frac{[A^+][B^-]}{[AB]}$; $K_2 = \frac{[AB_2^-]}{[AB][B^-]}$; $\frac{K_1}{K_2} = \frac{[A^+]}{[AB_2^-]} \times [B^-]^2 \Rightarrow \frac{[A^+]}{[AB_2^-]} = \frac{K_1}{K_2} \times \frac{1}{[B^-]^2}$

08. $SO_{2(g)} + \frac{1}{2}O_{2(g)} \rightleftharpoons SO_{3(g)}$; K_1 এবং $2SO_{3(g)} \rightleftharpoons 2SO_{2(g)} + O_{2(g)}$; K_2 তবে সাম্যধ্রুবক K_1 এবং K_2 এর মধ্যে সম্পর্ক কোনটি?

(a) $2K_1 = K_2$ (b) $K_1^2 = \frac{1}{K_2}$ (c) $K_2^2 = \frac{1}{K_1}$ (d) $K_2 = \frac{2}{K_1}$ **[BUTEX'16-17]**

সমাধান: (b); $2SO_2 + O_2 \rightarrow 2SO_3; K_1^2$

$2SO_3 \rightarrow 2SO_2 + O_2; \frac{1}{K_1^2} = K_2 \Rightarrow K_1^2 = \frac{1}{K_2}$

09. If 4.25 mol H_2 and 4.75 mol I_2 is kept at a 1 L flask and heated to 300 K then 6.7 mol HI is produced. Find equilibrium constant K_c and K_p. **[IUT'16-17]**

(a) 3.563, 3.563 (b) 35.63, 35.63 (c) 35.63, 35.63 (d) 3.563, 87.65

Solution: (b);

H_2	+	I_2	⇌	2HI
4.25		4.75		0
(4.25 − 3.35)		(4.75 − 3.35)		6.7

$K_p = K_c\ [\Delta n = 0] \therefore K_p = K_c = \frac{6.7^2}{(4.25-3.35)(4.75-3.35)} = 35.327$

10. 25°C তাপমাত্রায় 1.0 atm চাপে N_2O_4 18.5% বিযোজিত হয়। উক্ত বিযোজনের জন্য K_c এর মান নির্ণয় কর। **[KUET'15-16]**

(a) 0.142 (b) 2.39×10^{-4} (c) 5.73×10^{-5} (d) 5.76×10^{-3} (e) 0.0692

সমাধান: (d); $\underset{0.815}{N_2O_4} \rightleftharpoons \underset{0.37}{2NO_2}$

$P_{N_2O_4} = \frac{0.815}{0.815+0.37} \times 1$ atm $= 0.68776$ atm; $P_{NO_2} = \frac{0.37}{0.815+0.37} \times 1$ atm $= 0.3122$ atm

$K_p = \frac{(P_{NO_2})^2}{P_{N_2O_4}} = \frac{(0.3122)^2}{0.68776}$ atm $= 0.14172$ atm ; $K_c = \frac{0.14172}{0.082 \times 298} = 5.79 \times 10^{-3}$

11. 25°C তাপমাত্রা ও 2.5 atm চাপে PCl_5 65% বিয়োজিত হয়ে PCl_3 এবং Cl_2 উৎপন্ন করে। এ বিক্রিয়ার K_c এর মান কত? **[CUET'15-16]**

(a) 7.475×10^{-2} mol L^{-1} (b) 8.101×10^{-2} mol L^{-1}

(c) 6.239×10^{-3} mol L^{-1} (d) 7.263×10^{-2} mol L^{-1}

সমাধান: (a); $K_p = \frac{\alpha^2}{1-\alpha^2}p = \frac{(0.65)^2}{1-(0.05)^2} \times 2.5$ atm $= 1.829$ atm

$\therefore K_p = K_c(RT)^{\Delta n} = K_c.RT \Rightarrow K_c = \frac{K_p}{RT} = \frac{0.1829}{0.0821 \times 298}$ mol $L^{-1} = 7.475 \times 10^{-2}$ mol L^{-1}

12. কোন একটি উভমুখী বিক্রিয়ায় $\Delta n = \frac{1}{2}$ হলে কত ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় K_p এর মান K_c এর মানের আটগুণ হবে? [দেওয়া আছে, $R = 0.0821$ L atm mol^{-1} K^{-1}] **[CUET'15-16]**

(a) 506.54°C (b) 34.45°C (c) 97.45°C (d) 779.54°C

সমাধান: (a); $K_p = K_c(RT)^{\Delta n} \Rightarrow 8K_c = K_c(RT)^{\frac{1}{2}} \Rightarrow RT = 64 \Rightarrow T = \frac{64}{0.0821}K = 779.54K = 506.54°C$

13. 33°C তাপমাত্রা ও 2.55atm চাপে 16.50% PCl_5 বিয়োজিত হয়। উক্ত তাপমাত্রায় K_P এর মান কত? **[KUET'14-15]**
(a) 7.13×10^{-2}atm (b) 7.48×10^{-2}atm (c) 3.74×10^{-2}atm (d) 7.13×10^{-3}atm (e) 3.56×10^{-2}atm
সমাধান: (a); $\underset{1-\alpha}{\overset{1}{PCl_5}} = \underset{\alpha}{\overset{0}{PCl_3}} + \underset{\alpha}{\overset{0}{Cl_2}}$
মোট $= 1 + \alpha$
$K_p = \frac{\frac{\alpha}{1+\alpha}.P.\frac{\alpha}{1+\alpha}.P}{\frac{1-\alpha}{1+\alpha}.P} = \frac{\alpha^2.P}{1-\alpha^2} = 0.0713 = 7.13 \times 10^{-2}$atm

14. 30°C তাপমাত্রায় ও 1.5 atm চাপে 15.6% PCl_5 বিয়োজিত হয়। উক্ত তাপমাত্রায় K_p এর মান নির্ণয় কর। **[RUET'14-15]**
(a) 0.374 atm (b) 1.374 atm (c) 0.0374 atm (d) 2.357 atm (e) None
সমাধান: (c); $\underset{\frac{1-\alpha}{0.844}}{PCl_5} \xrightarrow{\Delta} \underset{\underset{0.156}{\alpha}}{PCl_3} + \underset{\underset{0.156}{\alpha}}{Cl_2}$; $K_P = \frac{\alpha^2}{1-\alpha^2} \times P = 0.0374$

15. $N_2O_4(g) \rightleftharpoons 2NO_2(g)$, at 250°C in this reaction mixture, partial pressure of N_2O_4 and NO_2 are 0.69 and 0.31 atm. respectively, then what is the value of K_p? **[IUT'14-15]**
(a) 0.156 atm (b) 0.139 atm (c) 0.145 atm (d) 0.126 atm
Solution: (b); $K_p = \frac{P_{NO_2}^2}{P_{N_2O_4}} = \frac{0.31^2}{0.69} = 0.139$ atm

16. $H_2(g) + I_2(g) \rightleftharpoons 2HI(g)$; in equilibrium of this reaction, H_2, I_2 and HI concentration are 8, 3 and 28 mol/L; then K_c of this will be- **[IUT'14-15]**
(a) 36 (b) 32.67 (c) 33.5 (d) 34.3
Solution: (b); $K_c = \frac{[HI]^2}{[H_2][I_2]} = \frac{28^2}{8\times3} = 32.67$

17. 1.5atm চাপে এবং 30°C তাপমাত্রায় PCl_5 এর 15.6% বিয়োজিত হল। PCl_5 বিয়োজনে K_P এর মান- **[BUET'13-14]**
(a) 3.74×10^{-2}atm (b) 1.2×10^{-2}atm (c) 3.0×10^{-2}atm (d) 3.74atm
সমাধান: (a); $K_P = \frac{\alpha^2}{1-\alpha^2} \times P = 3.7415 \times 10^{-2}$atm

18. নিম্নলিখিত বিক্রিয়ার জন্য 25°C তাপমাত্রায় K_P এর মান $1.9 \times 10^3 atm^{-1}$, একই তাপমাত্রায় K_C এর মান বাহির কর।
$2NO(g) + Cl_2(g) \rightleftharpoons 2NOCl(g)$ **[RUET'13-14]**
(a) 4.6×10^4 (b) 3.2×10^{-3} (c) 5.9×10^3 (d) 10.2×10^3 (e) None
সমাধান: (a); $K_P = K_C(RT)^{\Delta n}$; $K_C = \frac{K_P}{(RT)^{\Delta n}} = \frac{1.9\times10^3}{(0.0821\times298)^{-1}} = 4.6 \times 10^4$

19. $PCl_5(g) \rightleftharpoons PCl_3(g) + Cl_2(g)$ বিক্রিয়াটির 25°C তাপমাত্রায় K_p এর মান 1.78atm, একই তাপমাত্রায় K_c এর মান কত? **[BUTEX'13-14]**
(a) $72.75 \times 10^{-3} molL^{-1}$ (b) $82.75 \times 10^{-3} molL^{-1}$
(c) $72.75 \times 10^{-4} molL^{-1}$ (d) $82.75 \times 10^3 molL^{-1}$
সমাধান: (a); $K_c\,(RT)^1 = K_p \;\therefore K_c = 72.75 \times 10^{-3}$ M

20. 398K তাপমাত্রায় এবং 250 kPa চাপে N_2O_4 18.5% বিয়োজিত হয়। সাম্যাবস্থা ধ্রুবক, K_p এর মান কোনটি? **[KUET'12-13]**
(a) 5.9521 (b) 59.5212 (c) 35.4278 (d) 0.4539 (e) 2.2031
সমাধান: (c); $N_2O_4 \leftrightharpoons 2NO_2$
$t = 0$ 1 0
$t = t_{eq.}$ $1-x$ $2x$
∴ মোট মোল সংখ্যা =1-x+2x=1+x
এখন, $x = 0.185, P = 250$kPa
$P_{NO_2} = \frac{2x}{1+x} \Rightarrow P_{NO_2} = \frac{2\times0.185}{1+0.185} \times 250 = 78.059$ kPa
$P_{N_2O_4} = \frac{1-x}{1+x} \Rightarrow P_{N_2O_4} = \frac{1-0.185}{1+0.185} \times 250 = 171.974$ kPa
$K_P = \frac{(P_{NO_2})^2}{P_{N_2O_4}} = \frac{(78.059)^2}{171.941} = 35.4378 \approx 35.4278$

21. K_P এবং K_C যা দ্বারা প্রভাবিত হয়- [Ans: a] [BUET'11-12]
(a) তাপমাত্রা (b) চাপ (c) ঘনমাত্রা (d) All of these

22. তাপমাত্রা বৃদ্ধি করলে নিচের সাম্যাবস্থায় বিক্রিয়াটির জন্য কোন উক্তিটি যথাযথ? [BUET'11-12]
$N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$
(a) K_P-এর মান অপরিবর্তিত থাকবে (b) K_P -এর মান বৃদ্ধি পাবে
(c) K_P -এর মান হ্রাস পাবে (d) K_P এবং K_C -এর মান সমান হবে
সমাধান: (c); বিক্রিয়াটি তাপোৎপাদী। তাই তাপমাত্রা বাড়ালে K_p এর মান হ্রাস পায়।

23. 400°C তাপমাত্রাতে নিম্নের বিক্রিয়ার K_P এর মান যদি 0.0128 atm হয়, তাহলে K_cএর মান কত হবে? [KUET'11-12]
$\frac{1}{2}N_2 + \frac{3}{2}H_2 \rightleftharpoons NH_3$
(a) $0.40 molL^{-1}$ (b) $0.42\ molL^{-1}$ (c) $2.31 \times 10^{-4} molL^{-1}$
(d) $3.98 \times 10^{-4}\ molL^{-1}$ (e) $0.70\ molL^{-1}$
সমাধান: (e); $K_p = K_c(RT)^{1-\frac{1}{2}-\frac{3}{2}}$ $\therefore K_c = K_p(RT) = 0.70\ Lmol^{-1}$ (প্রশ্নের কোনটিতেই একক সঠিক নয়)

24. 700 K তাপমাত্রায় ও 20 atm চাপে $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$ বিক্রিয়াটির সাম্যাবস্থায় 21%N_2 ও 16%NH_3 থাকে। বিক্রিয়াটির K_pএর মান কত? [CUET'11-12]
(a) $1.097 \times 10^{-2} atm$ (b) 4.6×10^{-2} atm
(c) $1.2 \times 10^{-3} atm$ (d) None of these
সমাধান: (c); সাম্যাবস্থায়, $H_2 = 100\% - (21 + 16)\% = 63\%$
$\therefore P_{N_2} = 0.21 \times 20 = 4.2; P_{H_2} = 0.63 \times 20 = 12.6; P_{NH_3} = 0.16 \times 20 = 3.2$
বিক্রিয়াটি হল $N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$ $\therefore K_P = \frac{P^2_{NH_3}}{P_{N_2}.P^3_{H_2}}$ বা, $K_P = \frac{(3.2)^2}{4.2\times(12.6)^3}$ $\therefore K_P = 1.2 \times 10^{-3}\ atm^{-2}$

25. 50°C তাপমাত্রায় N_2O_4 বিয়োজনের K_p এর মান 3.11 atm। সাম্যমিশ্রণে NO_2 এর আংশিক চাপ 0.45 atm হলে N_2O_4 এর আংশিক চাপ কত? [CUET'11-12]
(a) 0.06 atm (b) 0.07 atm (c) 0.065 atm (d) None of these
সমাধান: (c) $N_2O_4 \rightleftharpoons 2NO_2$ বিক্রিয়ার জন্য,
$K_P = \frac{P^2_{NO_2}}{P_{N_2O_4}} \Rightarrow P_{N_2O_4} = \frac{P^2_{NO_2}}{K_P} \Rightarrow P_{N_2O_4} = \frac{(0.45)^2}{3.11} = 0.065$ atm
এখানে, $K_P = 3.11$ atm
$P_{NO_2} = 0.45$ atm; $P_{N_2O_4} = ?$

26. The relation between K_p and K_c for the reaction $N_2(g) + 3H_2(g) \Leftrightarrow 2NH_3$ is- [IUT'11-12]
(a) $K_p = K_c(RT)^2$ (b) $K_p = K_c(RT)^{-2}$
(c) $K_p = K_c(RT)^{-1}$ (d) $K_p = K_c(RT)$
Solution: (b); $K_p = K_c(RT)^{\Delta n} = K_c(RT)^{-2}$

27. 300 K তাপমাত্রায় $NH_4Cl(s)$ বিয়োজনের K_P. K_cএর অনুপাত কোনটি? [KUET'10-11]
(a) $600.64\ atm^2L^2mol^{-2}$ (b) $606.64\ atm^2L^2mol^{-2}$
(c) $612.64\ atm^2L^2mol^{-2}$ (d) $618.64\ atm^2L^2mol^{-2}$ (e) $624.64\ atm^2L^2mol^{-2}$
সমাধান: (b); $K_p = K_c(R)^{\Delta n}; \Delta n = 2 - 0 = 2$
$R = 0.0821\ L\ atm/mol/\ K\ [NH_4Cl(s) \rightarrow NH_4^+(aq) + C\bar{l}(aq)]; T = 300K$
$\therefore \frac{K_P}{K_c} = (RT)^{\Delta n} = (0.0821 \times 300)^2 = 606.64\ atm^2L^2mol^{-2}$

28. 400°C তাপমাত্রায় $N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$ বিক্রিয়ার সাম্যধ্রুবক K_c এর মান 0.5 হলে K_p এর মান কত? [CUET'10-11]
($R = 0.0821$ Lit atm $K^{-1}mol^{-1}$)
(a) $0.00016\ atm^{-2}$ (b) $0.00906\ atm^{-2}$ (c) $27.59\ atm^{-2}$ (d) None of these
সমাধান: (a); $\Delta n = 2 - (3 + 1) = -2$; $K_p = K_c(RT)^{\Delta n} = 0.5 \times (0.0821 \times 673)^{-2} = 0.000164$ atm

29. 1 mole of each C_2H_5OH and CH_3CO_2H are allowed to react in 1 litre of solvent (dioxane), equilibrium is established when one-third of a mole of each of the reactants remains. What is the equilibrium constant K of the reaction at this state? [IUT'10-11]
(a) 0.25 (b) 2 (c) 1 (d) 4
Solution: (d); $K = \frac{[CH_3COOC_2H_5][H_2O]}{[C_2H_5OH][CH_3COOH]} = \frac{\frac{2}{3}.\frac{2}{3}}{\frac{1}{3}.\frac{1}{3}} = 4$

Written

30. $A_2(g) + B_2(g) \rightleftharpoons 2AB(g)$

বিক্রিয়াটি 2L আয়তনের পাত্রে সম্পন্ন করা হয়। বিক্রিয়ার শুরুতে A_2 এর মোলসংখ্যা 2, B_2 এর মোলসংখ্যা 2 এবং সাম্যাবস্থায় উৎপাদের মোলসংখ্যা 3.12। K_pও K_c এর মান নির্ণয় কর। **[BUTEX'21-22]**

সমাধান:

	$A_2(g)$	+	$B_2(g)$	$\rightleftharpoons$	$2AB(g)$
প্রাথমিক অবস্থায়:	2 mol		2 mol		0 mol
সাম্যাবস্থায় মোল:	$(2-x)$mol		$(2-x)$mol		2x mol

এখানে, $2x = 3.12\ \text{mol}, x = 1.56\ \text{mol}$

$\therefore [A_2] = \frac{2-1.56}{2} = 0.22\ \text{M}\ [B_2] = \frac{2-1.56}{2} = 0.22\ \text{M};\ [AB] = \frac{3.12}{2} = 1.56\ \text{M}$

$\therefore K_c = \frac{[AB]^2}{[A_2]\times[B_2]} = \frac{1.56^2}{0.22\times0.22} = 50.28\ \therefore \Delta n = 0, \therefore K_p = K_c = 50.28$

31. 30°C তাপমাত্রা এবং 1 atm চাপে A_2B_4 এর 20% বিয়োজিত হয়; চাপ যদি দ্বিগুণ করা হয় তাহলে বিক্রিয়ার দিক কোন দিকে হবে তা গাণিতিক ভাবে বিশ্লেষণ কর। **[BUTEX'21-22]**

সমাধান:

	$A_2B_4 \rightleftharpoons 2AB_2$
প্রাথমিক অবস্থায়	: 1 0
সাম্যাবস্থায়	: $1-x$ $2x$

$\therefore$ মোট মোলসংখ্যা= $1 - x + 2x = 1 + x$

$P_{A_2B_4} = \frac{1-x}{1+x}.P$ এবং $P_{AB_2} = \frac{2x}{1+x}.P$ এবং $K_p = \frac{(P_{AB_2})^2}{P_{A_2B_4}} = \frac{4x^2P^2}{(1+x)^2}\ \frac{1+x}{1-x}\ \frac{1}{P} = \frac{4x^2P}{1-x^2}$

১ম ক্ষেত্রে, $P_1 = 1\ \text{atm},\ x_1 = 0.2\ \therefore K_p = \frac{4\times0.2^2\times1}{1-0.2^2} = \frac{1}{6}\ \text{atm}$

২য় ক্ষেত্রে, $P_2 = 2\ \text{atm},\ \therefore K_p = \frac{4x_2^2\times2}{1-x_2^2} \Rightarrow \frac{1}{6} = \frac{4x_2^2\times2}{1-x_2^2}\ \therefore x_2 = 0.143 = 14.3\% < 20\%$

চাপ দ্বিগুণ করলে বিয়োজনমাত্রা হ্রাস পাবে। $\therefore$ বিক্রিয়া পশ্চাৎ দিকে অগ্রসর হবে।

32. একটি ফার্নেসে 35% CO_2 - 65% CO গ্যাস মিশ্রণ ব্যবহার করে 700°C এ স্টীলকে তাপ দিলে এর উপর মরিচা পড়বে কিনা তা নির্ণয় কর। [দেওয়া আছে; $Fe(s) + CO_2(g) = FeO(s) + CO(g); K = 1.43$] **[BUET'20-21]**

সমাধান: $Q_p = \frac{P^0_{CO}}{P^0_{CO_2}} = \frac{0.65}{0.35} = 1.86 > K$. সুতরাং, মরিচা পড়বে না।

33. $A_2(g) + 3B_2(g) = 2AB_3(g)$ **[BUTEX'20-21]**

উপরের বিক্রিয়াটি 5L আয়তনের পাত্রে সম্পন্ন করে, 450°C তাপমাত্রায় সৃষ্ট সাম্যাবস্থায় 8.5g AB_3 পাওয়া গেলো। K_P নির্ণয় কর, যেখানে A ও B মৌলের পারমাণবিক সংখ্যা যথাক্রমে 7 ও 1।

সমাধান: A ও B মৌলদ্বয় যথাক্রমে N ও H

$\therefore$ প্রদত্ত বিক্রিয়াটি: $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$

প্রাথমিক অবস্থায়:	1	3	0
সাম্যাবস্থায়:	$1-x$	$3-3x$	$2x$

$\therefore 2x = \frac{8.5}{14+3} = \frac{8.5}{17} \Rightarrow x = 0.25$ এবং আয়তন, $V = 5L$

$\therefore K_C = \frac{[NH_3]^2}{[N_2][H_2]^3} = \frac{\left(\frac{2x}{V}\right)^2}{\left(\frac{1-x}{V}\right)\times\left(\frac{3-3x}{V}\right)^3} = \frac{4x^2}{V^2} \times \frac{V^4}{27(1-x)^4} = \frac{4x^2V^2}{27(1-x)^4}$

$= \frac{4\times0.25^2\times5^2}{27\times(1-0.25)^4} = 0.7316(\text{mol}L^{-1})^{-2} = 0.7316\ L^2\text{mol}^{-2}$

এখানে, $T = 450°C = 723K$

$\therefore K_P = K_C(RT)^{-2} = 0.7316 \times (0.0821 \times 723)^{-2} = 2.076 \times 10^{-4}\text{atm}^{-2}\ \therefore$ নির্ণেয় $K_P = 2.076 \times 10^{-4}\ \text{atm}^{-2}$

34. 1 L আয়তনের একটি পাত্রে যখন 0.1mol PCl_5 কে উত্তপ্ত করা হয়, সাম্যমিশ্রণের মোট চাপ হয় $4.38 \times 10^5 Nm^{-2}$ তাপমাত্রা $T = 450K$ এ সাম্যধ্রুবক, K_p এর মান নির্ণয় কর। **[BUET'19-20]**

সমাধান:

$$PCl_5 \rightleftharpoons PCl_3 + Cl_2$$
$$(0.1) \quad 0 \quad 0$$
$$(0.1-x) \quad x \quad x$$

$\therefore n = 0.1 - x + x + x = (0.1 + x)$

আমরা জানি, $PV = nRT \Rightarrow n = \frac{PV}{RT} = \frac{4.38\times10^5\times1\times10^{-3}}{8.314\times450} = 0.11707$ mol

শর্তমতে, $0.1 + x = 0.11707 \Rightarrow x = 0.01707$

$\therefore K_P = \frac{P_{PCl_3}.P_{Cl_2}}{P_{PCl_5}} = \frac{\left(\frac{x}{0.1+x}\right)\left(\frac{x}{0.1+x}\right)\times P^2_{total}}{\left(\frac{0.1-x}{0.1+x}\right)\times P_{total}} = \frac{\left(\frac{x^2}{0.1+x}\right)\times P_{total}}{(0.1-x)} = 13145.70 Nm^{-2} = 0.129738$ atm

35. $A_2 + B_2 \rightleftharpoons 2AB$ বিক্রিয়ায় সাম্য ধ্রুবক K_p হলে $AB \rightleftharpoons \frac{1}{2}A_2 + \frac{1}{2}B_2$ বিক্রিয়ার সাম্য ধ্রুবক কত? **[KUET'19-20]**

সমাধান: $A_2 + B_2 \rightleftharpoons 2AB$; বিক্রিয়ার সাম্যধ্রুবক $K_p = \frac{[AB]^2}{[A_2]\times[B_2]}$

$AB \rightleftharpoons \frac{1}{2}A_2 + \frac{1}{2}B_2$; বিক্রিয়ার সাম্যধ্রুবক, $K = \frac{[A_2]^{\frac{1}{2}}\times[B_2]^{\frac{1}{2}}}{[AB]} = \left(\frac{[A_2]\times[B_2]}{[AB]^2}\right)^{\frac{1}{2}} = \left(\frac{1}{K_p}\right)^{\frac{1}{2}} = \frac{1}{\sqrt{K_p}}$ (Ans.)

36. $PCl_3 + Cl_2 \rightleftharpoons PCl_5$ বিক্রিয়াটির জন্য 230°C তাপমাত্রায় K_C এর মান 49। যদি PCl_3 ও Cl_2 এর প্রত্যেকটির 0.5 mol করে নিয়ে 5 L আয়তনের একটি পাত্রে বিক্রিয়া ঘটানো হয়, তবে ঐ তাপমাত্রায় সাম্যমিশ্রণের উপস্থিত উপাদানগুলির মোল সংখ্যা নির্ণয় কর। **[RUET'19-20]**

সমাধান: $PCl_3 + Cl_2 \rightleftharpoons PCl_5$

শুরুতে : $\frac{1}{2}$mol $\frac{1}{2}$mol 0 mol

সাম্যে : $\frac{1}{2} - \alpha$ $\frac{1}{2} - \alpha$ α

$K_C = \frac{\frac{\alpha}{5}}{\left(\frac{\frac{1}{2}-\alpha}{5}\right)^2} = 49 \Rightarrow \frac{5\alpha}{\left(\frac{1}{2}-\alpha\right)^2} = 49 \Rightarrow 5\alpha = 49\alpha^2 - 49\alpha + \frac{49}{4} \Rightarrow 49\alpha^2 - 54\alpha + 12.25 = 0$

$\therefore \alpha = 0.78,\ 0.32 \quad \because \alpha \not> 0.5 \quad \therefore \alpha = 0.32$

$\therefore n_{PCl_3} = \frac{1}{2} - 0.32 = 0.18$ mol ; $n_{Cl_2} = \frac{1}{2} - 0.32 = 0.18$ mol ; $n_{PCl_5} = 0.32$ mol

37. 25°C তাপমাত্রায় এবং 20.0 atm চাপে নিচের বিক্রিয়াটিতে সাম্যাবস্থায় মোট মোলের 16% NH_3 থাকে। উক্ত অবস্থায় এ বিক্রিয়াটির K_p এর মান নির্ণয় কর। $\frac{1}{2}N_2 + \frac{3}{2}H_2 \rightleftharpoons NH_3$ **[BUTEX'19-20]**

সমাধান: $\frac{1}{2}N_2 + \frac{3}{2}H_2 \rightleftharpoons NH_3$

শুরুতে: 1 3 0

সাম্যাবস্থায়: $1-\alpha$ $3(1-\alpha)$ 2α

মোট মোল $= 1 - \alpha + 3 - 3\alpha + 2\alpha = 4 - 2\alpha$

প্রশ্নমতে, $2\alpha = (4 - 2\alpha) \times 0.16 \ \therefore \alpha = 0.275862$

$\therefore P_{N_2} = \left(\frac{1-\alpha}{4-2\alpha}\right) \times P = 4.2$ atm

$P_{H_2} = \frac{3-3\alpha}{4-2\alpha} \times P = 12.6$ atm

$P_{NH_3} = \frac{2\alpha}{4-2\alpha} \times P = 3.2$ atm

$\therefore K_p = \frac{P_{NH_3}}{P^{\frac{1}{2}}_{N_2} \times P^{\frac{3}{2}}_{H_2}} = \frac{3.2}{\sqrt{4.2}\times\sqrt{12.6^3}} = 0.035\ atm^{-1}$ **(Ans.)**

38. গ্লুকোজ এবং ফ্রুক্টোজ জলীয় দ্রবণে নিম্নরূপে সাম্যাবস্থায় থাকে। **[BUET'18-19]**

ফ্রুক্টোজ ⇌ গ্লুকোজ

একজন ছাত্র 0.244M ফ্রুক্টোজ দ্রবণ তৈরি করল। 25°C তাপমাত্রায় সাম্যাবস্থায় এর ঘনত্ব কমে 0.113M এ পরিনত হল।

(a) বিক্রিয়ক এবং উৎপাদের গঠন দেখাও।

(b) বিক্রিয়াটির সাম্যধ্রুবক নির্ণয় কর।

(c) শতকরা কত ভাগ ফ্রুক্টোজ গ্লুকোজে পরিণত হল?

সমাধান: (a)



(b)

	ফ্রুক্টোজ	⇌	গ্লুকোজ
শুরু (M)	0.244		0
সাম্যাবস্থা (M)	$0.244 - x$		x

শর্তমতে, $0.244 - x = 0.113 \Rightarrow x = 0.244 - 0.113$

$\therefore K = \frac{x}{0.244-x} = \frac{(0.244-0.113)}{0.224-(0.244-0.113)} = 1.1593$

(c) $\frac{0.244-0.113}{0.244} \times 100 = 53.688\%$

39. $1.6g\ N_2O_4$ 27°C তাপমাত্রায় আংশিক বিয়োজিত অবস্থায় 760 mm চাপে 500 mL আয়তন দখল করে N_2O_4 এর বিয়োজন ধ্রুবক নির্ণয় কর। **[BUTEX'18-19]**

সমাধান: $N_2O_4 \rightleftharpoons 2NO_2$

প্রাথমিক অবস্থা: 0.174, 0

সাম্যবস্থা: 0.0174−x, 2x

$0.0174 - x + 2x = 0.0203 \Rightarrow x = 0.0203 - 0.0174 = 2.9 \times 10^{-3}$

$\therefore$ বিয়োজন ধ্রুবক $= \frac{x}{0.0174} = \frac{2.9\times10^{-3}\times100\%}{0.0174} = 16.67\%$ (Ans.)

$N_2O_4 = \frac{1.6}{92} = 0.0174$ mol

$n_2 = \frac{PV}{RT} = \frac{1\times0.5}{0.0821\times300} = 0.0203$ mol

40. কোন একটি উভমূখী বিক্রিয়ায় $\Delta n = \frac{1}{2}$ হলে, কত ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় K_P এর মান K_C এর মানের আটগুণ হবে?

দেওয়া আছে, $R = 0.0821\ L\ atm\ mol^{-1}\ K^{-1}$. **[BUET'14-15]**

সমাধান: আমরা জানি, $K_p = K_c(RT)^{\Delta n} \Rightarrow (RT)^{\Delta n} = \left(\frac{K_p}{K_c}\right) \Rightarrow (R.T)^{\frac{1}{2}} = 8 \Rightarrow R.T = 8^2 = 64$

$\Rightarrow T = \frac{64}{0.0821} = 779.5371K = 506.537°C$

41. 25°C তাপমাত্রায়, $N_2O_4 \rightleftharpoons 2NO_2$ বিক্রিয়াটিতে, N_2O_4 এবং NO_2 এর আংশিক চাপ যথাক্রমে, 0.75 atm ও 0.25 atm। বিক্রিয়াটির K_p ও K_c এর মান কত হবে। **[CUET'13-14]**

সমাধান: $K_P = \frac{(P_{NO_2})^2}{P_{N_2O_4}} = \frac{(0.25)^2}{0.75} = 8.33 \times 10^{-2}$ atm; $K_P = K_C(RT)^{\Delta n}$

$K_C = \frac{K_P}{(RT)^{\Delta n}} = \frac{8.33\times10^{-2}}{0.0821\times298} = 3.4 \times 10^{-3}\ moldm^{-3}$

[Ans: 8.33×10^{-2} atm, $3.4 \times 10^{-3}\ moldm^{-3}$]

$P_{NO_2} = 0.25$ atm

$P_{N_2O_4} = 0.75$ atm

$\Delta n = 2 - 1 = 1$

42. 4.05 mol হাইড্রোজেন এবং 4.65 mL আয়োডিন 444°C তাপমাত্রায় 1 L ফ্লাস্কে রেখে তাপ দিলে 6.75 mol HI উৎপন্ন হয়। বিক্রিয়াটির সাম্যধ্রুবক K_p ও K_c নির্ণয় কর। **[RUET'12-13]**

সমাধান: $H_2(g) + I_2(g) \rightleftharpoons 2HI(g)$

প্রাথমিক: 4.05 4.65 0 mole

সাম্যাবস্থায় $(4.05 - x)$ $(4.65 - x)$ $2x$ mole

$2x = 6.75 \therefore x = 3.375$ mole

$K_c = \frac{[HI]^2}{[H_2]\,[I_2]}$

ধরি, আয়তন $= V = \frac{\left(\frac{6.75}{V}\right)^2}{\left(\frac{4.05-3.375}{V}\right)\times\left(\frac{4.65-3.375}{V}\right)}$

$K_c = 52.94; \Delta n = 2 - 1 - 1 = 0 \therefore K_p = K_c(RT)^{\Delta n} = 52.94 \times (RT)^0 \therefore K_p = 52.94$

43. 25°C উষ্ণতায় এক বায়ুচাপে N_2O_4 18.5% বিয়োজিত হয়। উক্ত বিয়োজনের জন্য K_P এর মান নির্ণয় কর।

সমাধান:

	N_2O_4	$\rightleftharpoons$	$2NO_2$	
প্রাথমিক:	1		0	মোট মোল সংখ্যা $= 1 - x + 2x = 1 + x$
সাম্য mole:	$1 - x$		$2x$	
আংশিক চাপ:	$\frac{1-x}{1+x} \times P$		$\frac{2x}{1+x} \times P$	

$K_p = \frac{\left(\frac{2x}{1+x}\times P\right)^2}{\left(\frac{1-x}{1+x}\times P\right)} = \frac{4x^2P}{1-x^2} = \frac{4\times(0.185)^2\times1}{1-(0.185)^2} = 0.141$ atm **(Ans.)**

44. $PCl_3 + Cl_2 \rightleftharpoons PCl_5$ বিক্রিয়াটির জন্য 230°C তাপমাত্রায় K_c এর মান 49। যদি PCl_3 ও Cl_2 এর প্রত্যেকটির 0.50 মোল করে নিয়ে 5.0 liter আয়তনের পাত্রে রাখা হয়, তবে ঐ তাপমাত্রায় মিশ্রণের উপাদানগুলোর ঘনমাত্রা কত? **[RUET'11-12]**

সমাধান: $PCl_5 + Cl_2 \rightleftharpoons PCl_5$

প্রাথমিক অবস্থাঃ 0.5 0.5 x mole

সাম্যাবস্থা ঃ $0.5 - x$ $0.5 - x$ x mole

$K_C = \frac{[PCl_5]}{[PCl_3][Cl_2]} = \frac{\frac{x}{5}}{\left(\frac{0.5-x}{5}\right)\left(\frac{0.5-x}{5}\right)} \therefore 49 = \frac{\frac{x}{5}}{\left(\frac{0.5-x}{5}\right)^2}$ বা, $\left[\frac{7\times(0.5-x)}{5}\right]^2 = \frac{x}{5}$

বা, $\frac{(3.5-7x)^2}{25} = \frac{x}{5}$ বা, $(3.5 - 7x)^2 = 5x$ বা, $12.25 - 49x + 49x^2 = 5x$

By solving, $x = 0.7826$mol (প্রায়) এবং 0.3195mol (প্রায়)

এক্ষেত্রে 0.7826 mol (অগ্রাহ্য) $\therefore$ সাম্য মিশ্রনে, $PCl_5 = 0.3195$ mol

$PCl_3 = Cl_2 = (0.5 - 0.3195)$ mol $= 0.1805$ mol $\therefore [PCl_5] = \frac{0.3195}{5}$ molL^{-1} $= 0.0639$ molL^{-1};

$[PCl_3] = [Cl_2] = \frac{0.1805}{5}$ molL^{-1} $= 0.0361$ molL^{-1}

45. 700 K তাপমাত্রায় ও 20 atm চাপে $N_2(g) + 3H_2(g) = 2NH_3(g)$ বিক্রিয়াটির সাম্যাবস্থায় 21% N_2 ও 16% NH_3 থাকে। বিক্রিয়াটির K_P ও K_C নির্ণয় কর। **[RUET'10-11, 03-04, 05-06]**

সমাধান: $N_2 = 21\%, NH_3 = 16\%, H_2 = 100 - (16 + 21) = 63\%$

$\therefore P_{H_2} = \frac{63}{100} \times 20 = 12.6$ atm, $P_{NH_3} = \frac{16}{100} \times 20 = 3.2$ atm

$P_{N_2} = \frac{21}{100} \times 20 = 4.2$ atm $\therefore K_P = \frac{(P_{NH_3})^2}{P_{N_2}\times(P_{H_2})^3} = \frac{3.2^2}{4.2\times12.6^3} = 1.2 \times 10^{-3}$ atm^{-2}(Ans.)

$K_P = K_C(RT)^{\Delta n} \therefore K_C = \frac{K_P}{(RT)^{\Delta n}} = \frac{1.2\times10^{-3}}{(0.0821\times700)^{-2}} [\because \Delta n = 2 - 1 - 3 = -2] = 3.9537$ L^{2}mol^{-2}

46. 600°C উষ্ণতায় নিচের বিক্রিয়ার K_c এর মান 61.7 হলে K_pএর মান কত? **[BUTEX'10-11]**

$SO_2 + \frac{1}{2}O_2 \rightleftharpoons SO_3$

সমাধান: $SO_2 + \frac{1}{2}O_2 \rightleftharpoons SO_3$

এখানে, $\Delta n = 1 - 1 - \frac{1}{2} = -\frac{1}{2}$; দেওয়া আছে, $K_c = 61.7$

$\therefore K_p = K_c(RT)^{\Delta h} = 61.7 \times (0.0821 \times 873)^{-\frac{1}{2}} atm^{-1} = 7.288$ (Ans.)

47. 444°C তাপমাত্রায় 8.1 মি.লি হাইড্রোজেন 9.3 মি. লি আয়োডিনের সহিত বিক্রিয়ায় 13.5 মি. লি হাইড্রোজেন আয়োডাইড (HI) তৈরী করে। একই তাপমাত্রায় বিক্রিয়াটির সাম্যধ্রুবক নির্ণয় কর। **[RUET'09-10]**

সমাধান:

	$H_{2(g)}$	+	$I_{2(g)}$	⇌	$2HI_{(g)}$
	8.1		9.3		0
	8.1 − 6.75		9.3 − 6.75		13.5
	= 1.35		= 2.55		

ধরি, পাত্রের আয়তন V

$\therefore$ সাম্যধ্রুবক $= \frac{[HI]^2}{[H_2][I_2]} = \frac{\left(\frac{13.5}{V}\right)^2}{\frac{1.35}{V} \times \frac{2.55}{V}} = 52.94$ **(Ans.)**

48. ডাইনাইট্রোজেন টেট্রাক্সাইডের বিয়োজনটি নিম্নরূপঃ **[BUET'08-09]**

$N_2O_4(g) \rightleftharpoons 2\,NO_2(g)$

সাম্যাবস্থায় 25°C তাপমাত্রায় গ্যাস দুটির আংশিক চাপ যথাক্রমে $P_{N_2O_4} = 0.69$ atm এবং $P_{NO_2} = 0.31$ atm. (a) সাম্যধ্রুবক K_p ও K_cএবং (b) এই তাপমাত্রায় ডাইনাইট্রোজেন টেট্রাক্সাইডের বিয়োজন মাত্রা নির্ণয় কর।

সমাধান: $N_2O_4 \rightleftharpoons 2NO_2$; $K_p = \frac{P_{NO_2}^2}{P_{N_2O_4}} = \frac{(0.31)^2}{0.69}$ atm $= 0.139$ atm

$K_p = K_c(RT)^{\Delta n} \Rightarrow K_c = \frac{0.139\ mol\ L^{-1}}{(0.0821 \times 298)^{2-1}} = 5.68 \times 10^{-3}\ mol\ L^{-1}$

$K_p = \frac{4\alpha^2 P}{1-\alpha^2} \Rightarrow \frac{K_p}{P} = \frac{4\alpha^2}{1-\alpha^2}$; $\frac{1-\alpha^2}{\alpha^2} = \frac{4P}{K_p} \Rightarrow \frac{1}{\alpha^2} = \frac{4P}{K_p} + 1 \Rightarrow \frac{1}{\alpha^2} = \frac{4 \times (0.69+0.31)}{0.139} + 1 \Rightarrow \alpha = 0.183$

49. (i) রাসায়নিক সাম্যাবস্থার শর্তগুলি লিখ। **[RUET'08-09]**

সমাধান: (ক) বিক্রিয়ার অসম্পূর্ণতা (খ) প্রভাবকের ভূমিকাহীনতা (গ) সাম্যের স্থায়ীত্ব (ঘ) উভয়দিক হতে সুগম্যতা

(ii) 25°C তাপমাত্রায় সাম্যাবস্থায় N_2O_4 এর বিয়োজনের মিশ্রণে N_2O_4 এর আংশিক চাপ 0.75 atm. এবং বিক্রিয়াটির $K_p = 8.33 \times 10^{-2}$ atm. বিক্রিয়াটির K_c এবং NO_2 এর আংশিক চাপ নির্ণয় কর।

সমাধান: $N_2O_4 \leftrightharpoons 2NO_2$; $K_p = \frac{(P_{NO_2})^2}{P_{N_2O_4}} \Rightarrow P_{NO_2} = \sqrt{K_p \times P_{N_2O_4}} = \sqrt{8.33 \times 10^{-2} \times 0.75} = 0.25$ atm

$K_p = K_c(RT)^{\Delta n} \Rightarrow K_c = \frac{K_p}{(RT)^{\Delta n}} = \frac{8.33 \times 10^{-2}}{(0.0821 \times 298)^1} = 3.404 \times 10^{-3}\ molL^{-1}$

50. 500°C তাপমাত্রায় H_2 এবং N_2 বিক্রিয়া করে NH_3 তৈরী করে। বিক্রিয়াটির $K_c = 6.0 \times 10^{-2}$ হলে K_p এর মান কত হবে?

সমাধান: $N_2 + 3H_2 \rightarrow 2NH_3$ **[CUET'08-09]**

$K_p = K_c(RT)^{\Delta n} = 6 \times 10^{-2} \times (0.0821 \times 773)^{-2}(atm)^{-2} = 1.489 \times 10^{-5}(atm)^{-2}$(Ans.)

51. 25°C তাপমাত্রা ও 1 atm চাপে 18.5% N_2O_4 বিয়োজিত হয়ে NO_2 হয়। ঐ তাপমাত্রায় ও 0.5 atm চাপে N_2O_4 এর বিয়োজন মাত্রা কত হবে? **[BUET'07-08]**

N_2O_4	⇌	$2NO_2$
0		0
1 − α		2α

সমাধান: $\alpha = 0.185$; $K_p = \frac{\left(\frac{2\alpha}{1+\alpha}\right)^2 P^2}{\frac{1-\alpha}{1+\alpha}P} = \frac{4\alpha^2 P}{1-\alpha^2} = \frac{4 \times (.185)^2 \times 1}{1-.185^2} = 0.1418$

এখন, ধরি, ২য় ক্ষেত্রে বিয়োজন হার α_2

Now, $K_p = 0.1418 \Rightarrow K_p = \frac{4\alpha_2^2 P}{1-\alpha_2^2} \Rightarrow 0.1418 = \frac{4\alpha_2^2(0.5)}{1-\alpha_2^2}$

$\Rightarrow 0.1418 - 0.1418\alpha_2^2 = 2\alpha_2^2 \therefore \alpha_2^2 = 0.066 \therefore \alpha_2 = 25.74\%$ **(Ans.)**

52. (a) নিম্নের বিক্রিয়াগুলোর ক্ষেত্রে K_p ও K_c এর সম্পর্ক স্থাপন কর। **[RUET'07-08]**

(i) $N_2 + 3H_2 \leftrightharpoons 2NH_3$ (ii) $PCl_5 \leftrightharpoons PCl_3 + Cl_2$

(b) 4.05 mol হাইড্রোজেন এবং 4.65 mol আয়োডিন 444°C তাপমাত্রার 1 L ফ্লাস্কে রেখে তাপ দিলে 6.75 mol HI উৎপন্ন হয়. $H_2 + I_2 \leftrightharpoons 2HI$ বিক্রিয়াটির সাম্য ধ্রুবক K_p ও K_c নির্ণয় কর?

সমাধান: (a) (i) $N_2 + 3H_2 \Leftrightarrow 2NH_3$

$\Delta n = 2 - (3+1) = -2 \therefore K_p = K_c \times (RT)^{\Delta n} \Rightarrow K_p = \frac{K_c}{(RT)^2}$

(ii) $PCl_5 \Leftrightarrow PCl_3 + Cl_2; \Delta n = 2 - 1 = 1 \Rightarrow K_p = K_c \times (RT)$

(b)

	H_2	+	I_2	$\leftrightharpoons$	2HI
	4.05		4.65		0
	$4.05 - x$		$4.65 - x$		$2x$

শর্তমতে, $2x = 6.75 \Rightarrow x = 3.375$

$\therefore K_c = \frac{6.75^2}{(4.05-3.375)(4.65-3.375)} = 52.94 \therefore K_c = K_P = 52.94[\Delta n = 0]$ **(Ans.)**

53. একটি 4.0L পাত্রে 1.0 mol নাইট্রোজেন গ্যাস এবং 3.0 mol হাইড্রোজেন গ্যাসের মিশ্রণ উত্তপ্ত করা হয়। যদি নাইট্রোজেনের 25% অ্যামোনিয়াতে রূপান্তরিত হয় তবে $N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$ অনুসারে K_C এর মান নির্ণয় কর। **[BUET'06-07, BUTEX'07-08]**

সমাধান:

	N_2	+	$3H_2$	$\rightleftharpoons$	$2NH_3$
Initial:	1		3		0
Equilibrium:	$1-0.25$		$3(1-0.25)$		2×0.25

$\therefore K_c = \frac{\left(\frac{0.5}{4}\right)^2}{\left(\frac{2.25}{4}\right)^3 \times \frac{0.75}{4}} = 0.468\ mol^{-2}\ dm^6$

54. 25°C তাপমাত্রা ও 1 atm চাপে PCl_5 80% বিয়োজিত হয়ে PCl_3, Cl_2 উৎপন্ন করে। PCl_3 এবং Cl_2 এর আংশিক চাপ, K_p ও K_c নির্ণয় কর। **[RUET'06-07]**

সমাধান:

	PCl_5	$\rightarrow$	PCl_3	+	Cl_2
Initial:	1		0		0
Equilibrium:	$1-0.8=0.2$		0.8		0.8

$\therefore PCl_3$ এর আংশিক চাপ $= \frac{0.8}{0.2+0.8+0.8} \times 1\ atm = 0.44\ atm$

Cl_2 এর আংশিক চাপ $= \frac{0.8}{0.2+0.8+0.8} \times 1\ atm = 0.44\ atm$; $K_c = 7.2 \times 10^{-2}\ mol\ L^{-1}$

55. 30°C তাপমাত্রাতে নিম্নবর্ণিত বিক্রিয়াটির সাম্য ধ্রুবক (K_p) 2.9×10^{-2} atm হলে বিক্রিয়াটির বিয়োজন মাত্রা নির্ণয় কর, যখন সাম্য মিশ্রণের মোট চাপ 1.15 atm। **[KUET'04-05, CUET'04-05]**

সমাধান:

	SO_2Cl_2	$\rightarrow$	SO_2	+	Cl_2
	1		0		0
	$1-\alpha$		α		α

$K_p = \frac{(P_{SO_2})\times(P_{Cl_2})}{(P_{SO_2Cl_2})} = \frac{\frac{\alpha}{1+\alpha}\times P \times \frac{\alpha}{1+\alpha}P}{\frac{1-\alpha}{1+\alpha}P}$

$\Rightarrow K_p = \frac{\alpha^2}{1-\alpha^2}P \Rightarrow \frac{1}{\alpha^2} - 1 = \frac{P}{K_p}$

$\frac{1}{\alpha^2} = \frac{P}{K_p} + 1 = \frac{1.15}{2.9\times10^{-2}} + 1 \Rightarrow \alpha^2 = \frac{1}{40.655}$

$\Rightarrow \alpha = 0.1568$ (Ans.)

56. ভরক্রিয়া সূত্র বিবৃত কর। 30° C তাপমাত্রায় ও 31.5 atm বায়ু চাপে 15.6% PCl_5 বিয়োজিত হয়। উক্ত বিয়োজনে K_p এর মান নির্ণয় কর। **[CUET'03-04]**

সমাধান: ভর ক্রিয়া সূত্রঃ নির্দিষ্ট তাপমাত্রায় নির্দিষ্ট সময়ে যে কোনো বিক্রিয়ার হার ঐ সময়ে উপস্থিত বিক্রিয়কগুলোর সক্রিয় ভরের সমানুপাতিক।

	PCl_5	$\rightleftharpoons$	PCl_3	Cl_2
	↓		↓	↓
সাম্যাবস্থায়	0.844		0.156	0.156 মোল

